

## উপভোক্তা সুরক্ষা

সদ্য প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা মানুষদের জন্য ছোটখাট পরামর্শ

গাড়ি ঋণের  
বিষয়ে দ্রুত

## ছোটখাট পরামর্শ

কোনো গাড়ি কেনা এক বড় ধরনের কেনাকাটার মধ্যেই পড়ে। নিশ্চিত হয়ে নিন যে আপনি যে গাড়ি কিনছেন তার খরচ মেটানোর মতো আর্থিক সামর্থ্য আপনার রয়েছে। আপনাকে গাড়ি কেনার জন্য ঋণ নিতে হলে, নিরাপত্তার খাতিরে তার সমস্ত দিক ভালো করে খতিয়ে দেখে নিন। এখানে কিছু ছোটখাট পরামর্শ দেওয়া হল যা আপনার মাথায় রাখা উচিত।

- আপনার বাজেট কত তা দেখে নিন এবং শুরুতেই কত অর্থ দিতে পারবেন এবং সময়ের সঙ্গে সঙ্গে কত অর্থ মেটাতে পারবেন তা স্থির করুন। বিমা, পার্কিং, গ্যাস, সরঞ্জাম এবং মেরামত বাবদ হতে চলা খরচ সমেত অন্যান্য খরচের কথা মাথায় রাখবেন।
- [annualcreditreport.com](http://annualcreditreport.com) এ আপনার ক্রেডিট রিপোর্ট দেখে নিন এবং কোনো ভুল থাকলে সংশোধন করুন।

## গুরুত্বপূর্ণ

গাড়ি কিনতে ঋণের জন্য দরখাস্ত করার আগে, আপনার ক্রেডিট ইতিহাস যে নির্ভুল আছে তা নিশ্চিত করে নেওয়া জরুরি। আপনার ক্রেডিট রিপোর্টে থাকা ভুল সংশোধন করে আপনি আপনার ক্রেডিট স্কোর বাড়াতে পারবেন এবং ভালো ঋণ পাওয়ার জন্য নিজেকে উপযুক্ত করে তুলতে পারবেন।

- কোনো ঋণের আগাম অনুমোদন পান। রেট জেনে নিলে আর্থিক সংস্থাগুলির মধ্যে তুলনা করতে আপনার সুবিধা হবে। খারাপ কিছু হওয়ার ক্ষেত্রে, আপনার নিজের ব্যাঙ্ক বা ক্রেডিট ইউনিয়ন ব্যবহার করার দিক থেকে অতিরিক্ত সুরক্ষা পাওয়া যায়।
- গাড়ির দাম বুঝে নেওয়া। আপনি যে গাড়িটি কেনার পরিকল্পনা করছেন তার গড় দাম কত হতে পারে তা বুঝতে জাতীয় অটোমোবাইল ডিলার্স অ্যাসোসিয়েশন (National Automobile Dealers Association (NADA)) এর নির্দেশিকা, এডমন্ড (Edmunds) এবং কেলি ব্লু বুক (Kelley Blue Book) দেখুন।

## গুরুত্বপূর্ণ লিঙ্কগুলি

NADA নির্দেশিকাগুলি: [nadaguides.com](http://nadaguides.com)এডমন্ড: [edmunds.com](http://edmunds.com)কেলি ব্লু বুক: [kbb.com](http://kbb.com)

- ডিলারশিপের লাইসেন্স স্ট্যাটাস এবং সম্মতির ইতিহাস। ব্যবহৃত গাড়ির সমস্ত ডিলারদের কাছে অবশ্যই উপভোক্তাবিষয়ের দপ্তরের (DCA) লাইসেন্স থাকতে হবে। আপনি লাইসেন্স প্রাপ্ত কোনো ব্যক্তিকে [nyc.gov/consumers](http://nyc.gov/consumers) এ অনলাইনে খুঁজে নিতে পারবেন। কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠানের লাইসেন্সের স্ট্যাটাসের বিষয়ে আরো জানতে বা কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠানের সম্মতির ইতিহাস দেখতে আপনি 311 (212-নিউ-ইয়র্ক আউটসাইড NYC) এ কলও করতে পারবেন।

# বিনামূল্যে সহায়তা

**NYC আর্থিক সহায়তা কেন্দ্রে (NYC Financial Empowerment Center)** বিনামূল্যে বিশেষজ্ঞের কাছ থেকে আর্থিক বিষয়ক পরামর্শ নিন। পরামর্শদাতা আপনাকে বাজেট তৈরি করতে, আপনার ক্রেডিট রিপোর্ট বুঝতে, আপনার ক্রেডিট স্কোর বাড়াতে এবং আরো অনেক বিষয়ে সহায়তা করতে পারবেন। আপনি যেখানে থাকেন তার কাছাকাছি কোথাও সাক্ষাৎকারের ব্যবস্থা করতে 311 এ কল করুন বা আরো জানতে [nyc.gov/consumers](http://nyc.gov/consumers) দেখুন।

**আপনার ক্রেডিট রিপোর্টের একটি অনুলিপি বিনামূল্যে নিন এবং তা সম্বন্ধে পর্যালোচনা করুন।**  
[annualcreditreport.com](http://annualcreditreport.com) এ যান বা নিঃশুল্কে 1-877-322-8228 এ কল করুন।

## অন্যান্য রিসোর্সগুলি

ডিলারশিপের মাধ্যমে গাড়ি কেনার সময়ে 'রিকল কার' থেকে নিজেকে সুরক্ষিত রাখতে ছোটখাট পরামর্শের জন্য DCA এর ব্যবহৃত গাড়ির ক্রেতার নির্দেশিকা (Used Car Buyer Guide) পড়ুন। [nyc.gov/consumers](http://nyc.gov/consumers) দেখুন।

**সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষদের জন্য উপভোক্তা সুরক্ষার বিষয়ে ছোটখাট পরামর্শের বিষয়ে**  
সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষজন প্রতিদিনই উপভোক্তা বিষয়ক চ্যালেঞ্জের সম্মুখীন হন। উপভোক্তা বিষয়ক দপ্তর (DCA) বেশ কিছু তথ্যপত্র বানিয়েছে যা থেকে সদ্য প্রাপ্তবয়স্ক হওয়া মানুষেরা তাদের অধিকারের বিষয়ে শিক্ষিত হতে পারবেন এবং আজকে খরচ করার বিষয়ে সে সিদ্ধান্ত নিচ্ছেন তা কীভাবে তাদের আগামীদিনকে প্রভাবিত করবে সেই বিষয়ে শিক্ষিত হতে পারবেন।



Bill de Blasio  
Mayor

**Consumer  
Affairs**

Lorelei Salas  
Commissioner

**Department of  
Education**

Carmen Fariña  
Chancellor